জুডিশিয়াল সার্ভিসে রাজ্যে প্রথম প্লাবন

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ ওয়েস্টবেঙ্গল জুডিশিয়াল সার্ভিস পরীক্ষায় রাজ্যে প্রথম হলেন পুরুলিয়া বার অ্যাসোসিয়েশনের অন্যতম সদস্য প্লাবন মুখোপাধ্যায়। গত জুলাই মাসে কলকাতায় অনুষ্ঠিত ওই পরীক্ষার ফল প্রকাশের পর জেলার শীর্ষ সাফল্যের খবরে পুরুলিয়া বার অ্যাসোসিয়েশনসহ গর্বিত জেলাবাসী। পুরুলিয়া শহরের গাড়িখানা এলাকার বাসিন্দা বছর ৩৫ এর প্লাবন সাধারণ এক মধ্যবিত্ত পরিবারের ছেলে। বাবা মানিককুমার মুখোপাধ্যায়বার্ধপুর ইস্কো কারখানার অবসরপ্রাপ্ত কর্মী। মা মিতা দেবী একজন গৃহকর্ত্রী। প্লাবনবাবু জানান, পুরুলিয়া জেলা স্কুল থেকে মাধ্যমিক ও মানভূম ভিক্টোরিয়া ইন্সটিটিউশন থেকে উচ্চমাধ্যমিক পাশ করে পুরুলিয়া জে কে কলেজ থেকে বাণিজ্য বিভাগে স্নাতক হন। পরে ঝাড়খন্ডের ধানবাদ ল কলেজ থেকে কৃতিত্বের সঙ্গে আইনি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০০৭ সাল থেকে পুরুলিয়া জেলা আদালতে ওকালতির পেশায় যুক্ত হন তিনি। কিন্তু আইন বিভাগে উচ্চস্থানে পৌঁছানোর লক্ষ্যে অবিচল থাকেন তিনি। অবশেষে সেই অসাধারণ সাফল্যের

কোঠায় পৌঁছে এখন জেলার মুখ উজ্জ্বল করতে পেরে তিনি নিজেও ধন্য। প্লাবনবাবু জানিয়েছেন, এই পরীক্ষায় দ্বিতীয় হয়েছেন বাঁকুড়ার খাতড়া কোর্টের আইনজীবী লোকেশ পাঠক ও তৃতীয় স্থান পেয়েছেন কলকাতার কিষেণ কুমার আগরওয়াল। সহকর্মীর রাজ্যসেরা সাফল্যে গর্বিত পুরুলিয়া বার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অতুল মাহাতো। তিনি বলেন,তাঁদের আদালতের সাধারণ একজন আইনজীবী আগামী দিনে অতিরিক্ত জেলা ও দায়রা বিচারকের মর্যাদা পেতে চলায় বার অ্যাসোসিয়েশন ভীষণভাবে খুশি। তার এই সাফল্যের জন্য প্লাবনবাবুকে শুভেচ্ছা জানিয়েছেন তাঁর সহকর্মীরা।

আম্বেদকর মেধা পুরস্কার সম্মান অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ মঙ্গলবার বর্ধমান শহরের টাউন হলে বি আর আম্বেদকর মেধা পুরস্কার সম্মান অনুষ্ঠান অনুষ্ঠিত হল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি দেবু টুডু, শান্তনু কোয়ার স্বাস্থ্যদপ্তরের কর্মাধ্যক্ষ গার্গী নাহা, পূর্ব বর্ধমান জেলার অতিরিক্ত জেলাশাসক রত্নেশ্বর রায় ও মহকুমা শাসক অনির্বাণ কোলে, মন্দিরা দোলুইসহ অনেকে। এদিন অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগ পূর্ব বর্ধমান শাখার ব্যবস্থাপনায় এই আম্বেদকর মেধা পুরস্কারটি দেওয়া হয়। জানা গেছে, জেলা থেকেই ৯৭ জন অনগ্রসর শ্রেণির মেধাবী ছাত্র-ছাত্রীকে এই প্রকার তুলে দেওয়া হয়। প্রত্যেককে ৫০০০ টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয় এই অনুষ্ঠানে। পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি দেবু টুডু জানিয়েছেন যে, প্রত্যেকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ওই টাকা চলে যাবে। দেবু টুডু জানিয়েছেন যে, অনগ্রসর শ্রেণির ছাত্র-ছাত্রীসহ তাদের উন্নয়নে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বহু পরিকল্পনা গ্রহণ করেছেন এবং তাদের সাহায্যে এগিয়ে এসেছেন।

বিশ্ব মৃত্তিকা দিবস উদ্‌যাপন

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ বিশ্ব মৃত্তিকা দিবস উপলক্ষে মঙ্গলবার বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটিকে পালন করল পুরুলিয়ার রঘুনাথপুর ২ নং কৃষি দপ্তর। অতি বৃষ্টিতে ক্ষতিগ্রস্থ চাষিদের এদিন ফসলের ক্ষতিপূরণ বাবদ মুখ্যমন্ত্রীর বিপর্যয় মোকাবিলা ত্রাণ তহবিল থেকে দেওয়া অর্থ সাহায্যের চেক বিতরণ করা হয়। ব্লক এলাকার ৯১ টি মৌজার প্রায় ৫০০ জন চাষিকে মোট ৩৯ লক্ষ টাকার চেকপ্রদান করা হয়। এদিনের ওই শিবিরে বিডিও সুব্রজিৎ চট্টোপাধ্যায়, রঘুনাথপুর ২ পঞ্চায়েত সমিতির সভাপতি মণীষা ঘোষ, সহকারী সভাপতি গোপাল টুডু, কৃষি কর্মাধ্যক্ষ তপন কুমার মাজি, জেলা পরিষদ সদস্য তথা ব্লক কৃষি উপদেষ্টা কমিটির চেয়ারম্যান খগেন বাউড়ি প্রমুখরা উপস্থিত ছিলেন।

পুরুলিয়ায় অস্বাভাবিক মৃত ২

নিজস্ব সংবাদদাতা, পুরুলিয়া ঃ পৃথক দুটি ঘটনায় দু'জনের অস্বাবাবিক মৃত্যু হল পুরুলিয়ায়। মঙ্গলবার সকালে পুরুলিয়া মফস্বল থানার তেতল গ্রাম থেকে এক কিশোরীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পুলিশ জানিয়েছেন, পারভীন খাতুন (১৪) নামে ওই কিশোরীর বাড়ি তেতল গ্রামেই। এদিন নিজের বাড়ি থেকে তার গলায় দড়ির ফাঁস লাগানো দেহ উদ্ধার হয়। অন্যদিকে, এদিন সকালে বরাবাজার থানা এলাকায় এক অজ্ঞাত পরিচয় বছর ৩৫ এর এক যুবকের মৃতদেহ উদ্ধার করে পুলিশ। মৃতদেহটি পাঁজনবেড়া এলাকায় কুমারী নদীর সেতুর অদূরে পড়েছিল। দুটি দেহই ময়নাতদন্তে পাঠিয়েছে পুলিশ।

অনিল কেসে উত্তপ্ত রাইপুর রাজনীতি

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ বাঁকুড়া জেলার জঙ্গলমহল এলাকা রাইপুরের রাজনীতি ক্রমেই জটিল ও উত্তপ্ত হয়ে উঠছে। পাল্টে যেতে চলেছে ব্লকের রাজনৈতিক চিত্রটাই। প্রয়াত অনিলবাবুর জন্যই এই পরিবর্তন ঘটছে বলে অনেকে মনে করছেন। জীবিত অনিলবাবুর মতই এখনও জনপ্রিয় মৃত অনিলবাবু, প্রয়াত ব্লক কার্যকরী সভাপতি অনিল মাহাতো-র হত্যাকারীরা এখনও ধরা পড়েনি। তাঁর অনুগামী তৃণমূল কর্মী ও সমর্থকেরা অনিল মাহাতো-র হত্যাকারীদের গ্রেপ্তার ও শাস্তির দাবিতে এখনও আন্দোলন চালিয়ে আসছেন। অন্যদিকে তারই মাঝে গত শুক্রবার রাইপুর ব্লকের শ্যামসুন্দরপুর অঞ্চল তৃণমূল কার্যালয়ের সামনে থাকা প্রয়াত অনিল মাহাতোর আবক্ষমূর্তি ভেঙ্গে ফেলার চেষ্টার ঘটনা ঘটে। এই ঘটনা ব্লকের রাজনীতিকে আরও উত্তপ্ত করে তোলে। এই ঘটনার প্রতিবাদে ও দুষ্কৃতীদের গ্রেফতারের দাবিতে সোমবার বাঁকুড়া- ঝাড়গ্রাম রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখায় রাইপুর ব্লক তৃণমূল কংগ্রেস ও অনিল মাহাতো স্মৃতিরক্ষা কমিটির সদস্যরা। সোমবার সকাল ১০টা নাগাদ জানডাঙ্গায় রাজ্য সড়ক অবরোধ করে তাঁরা। এই অবরোধের জেরে স্তব্ধ হয়ে পড়েছিল বাঁকুড়া-ঝাড়গ্রাম সড়ক। তৃণমূল কংগ্রেসের ব্লক সভানেত্রী তথা প্রয়াত নেতা অনিল মাহাতোর বিধবা স্ত্রী সুলেখা মাহাতোও বিক্ষোভ সামিল হন। তিনি স্পষ্ট জানিয়েছেন যে, উদ্দেশ্যপ্রণোদিতভাবে এলাকায় অশান্তি বজায় রাখার জন্য প্রয়াত অনিল মাহাতোর আবক্ষ মূর্তির উপর হামলা চালানো হয়েছে। তিনি বলেন, এলাকায় শান্তি ফেরাতে অবিলম্বে এই ঘটনার অপরাধীদের গ্রেপ্তার করে চরম শাস্তির প্রয়োজন। তিনি তাঁর স্বামীকে হত্যাকারীদের গ্রেপ্তার করে শাস্তির দাবিতেও সরব হন। এদিন তিনি ও তৃণমূল সমর্থকেরা আগাগোড়াই ছিলেন প্রতিবাদে সরব। তিনি বলেন যে, বর্তমানে প্রশাসনের নামে চলছে প্রহসন। সুলেখাদেবী বলেন, তাঁর স্বামী ব্লকের সবথেকে জনপ্রিয় নেতা ছিলেন। তাই তাঁকে মেরেই ফেলল দলেরই লোকেরা। অনিলবাবুকে মেরে ফেলেও তাঁদের শান্তি নেই আর তাই তাঁর মূর্তির ওপরেও হামলা চালানো হচ্ছে। এপ্রেক্ষিতে উল্লেখ্য, গত ৮ সেপ্টেম্বর ২০১৬ রাইপুরেই দলীয় কার্যালয়ের সামনে খুব কাছ থেকে ছোঁড়া গুলিতে অনিলবাবু নিহত হন। এই ঘটনার পর দলের রাইপুর ব্লক সভাপতির পদ থেকে জগবন্ধু মাহাতোকে সরিয়ে নিহত অনিল মাহাতোর স্ত্রী সুলেখা মাহাতোকে সভাপতি করা হয় খোদ দলনেত্রীর নির্দেশে। জগবন্ধুবাবুর অনুগামীরা তো খোলামনে মেনে নিতে পারেনি। দলনেত্রীর নির্দেশ তাই মেনে নিতে হয়েছিল। এপ্রেক্ষিতে উল্লেখ্য, এই দুই দলীয় নেতার অনুগামীদের দ্বন্দ্ব দীর্ঘদিনের। অনিলবাবুর মৃত্যুর ঘটনায় পুলিশ সুপার খাতড়া মহকুমা পুলিশ আধিকারিকের নেতৃত্বে সার্ভিস বই-এ কাজে যোগদানের কোন উল্লেখ পাওয়া যায়নি। এই চারজন কাজে যোগ দিয়েছিলে আদেশনামা ২৮৭, তারিখ ৩১.০১.২০১১ এবং ৪৬৬, তারিখ ১৫.০২.২০১১। এই নিয়োগের ক্ষেত্রে আরও মজা রয়েছে। গত ২৭.১২.১১ রাজ্যে সরকার বদলের পর এই ক্যাজুয়াল কর্মীদের ১২ জনকে স্থায়ীকরণের জন্য বাঁকুড়া নিয়ন্ত্রিত বাজার সমিতির তৎকালীন চেয়ারম্যান তথা জেলাশাসক সম্মতি দিয়েছিলেন, কিন্তু তার আগেই ১৬ জন ক্যাজুয়াল কর্মীকে স্থায়ীকরণ করার জন্য সমিতির সচিব তথা কৃষি বিপণন দপ্তরের বাঁকুড়ার সহঅধিকর্তা কলকাতাকে প্রস্তাব পাঠিয়েছিলেন এবং তা সিইও অনুমোদনও করেছিলেন। এই নিয়োগ নিয়ে জেলার কর্মীমহলে ক্ষোভ রয়েছে।

২০১১ সালে অবৈধভাবে নিয়োগ নিয়ে ক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ ২০১১ সালের বিধানসভা নির্বাচনের ঠিক আগে বামফ্রন্ট নিয়মনীতি তোয়াক্কা না করেই জেলার বিভিন্ন দপ্তরে বেশ কিছু কর্মী নিয়োগ করেছিল বলে অভিযোগ উঠেছে। বাঁকুড়া নিয়ন্ত্রিত বাজার সমিতিতেই কমপক্ষে ১৯ জনকে বেআইনিভাবে নিয়োগ করা হয়েছে বলে কর্মীদের একাংশকে ক্ষোভ দেখাতেও দেখা যায়। অভিযোগ উঠেছে যে, গত ২০১১ সালের ২৭ ফেব্রুয়ারি বাঁকুড়া নিয়ন্ত্রিত বাজার সমিতিতেই কমপক্ষে ১৯ জনকে বেআইনিভাবে নিয়োগ করা হয়। অভিযোগ উঠেছে যে, ২০১১ সালের ২৭ ফেব্রুয়ারি রবিবার হওয়ায় তা ছিল সরকারি ছুটির দিন। তা সত্ত্বেও এই ১৫ জন কিভাবে কাজে যোগ দিয়েছিল তা নিয়ে প্রশ্ন উঠেছে শুধু এটাই নয়। এই নিয়োগ নিয়ে অসংখ্য অনিয়মের অভিযোগ উঠেছে। এই ১৫ জনের নিয়োগপত্রে তাদের কোন পরীক্ষার (ইন্টারভিউ) ভিত্তিতে নিয়োগ করা হয়েছে তার তারিখ বা পত্র নাম্বার উল্লেখ নেই। এই ১৫ জন বিভাগীয় নির্দেশ ৪৪৫ তারিখে ১৪.০২.২০১১ এবং ৪৬৬ তারিখ ১৫.২.১১ এর ভিত্তিতে কাজে যোগ দেয়। এই ১৫ জনের মধ্যে পাঁচজন অষ্টমশ্রেণি, পাঁচজন মাধ্যমিক ও তিনজন উচ্চমাধ্যমিক পাশ ও দু'জন স্নাতক। এনিয়েও প্রশ্নও উঠেছে। এই নিয়োগে কর্মীদের নাম বিভাটের অভিযোগও অনিয়মের অভিযোগ উঠতে থাকে। ২০১১ সালের ২৭ ফেব্রুয়ারি রবিবার হওয়ায় তা ছিল সরকারি ছুটির দিন। তা সত্ত্বেও এই ১৫ জন কিভাবে কাজে যোগ দিয়েছিল তা নিয়ে প্রশ্ন উঠেছে শুধু এটাই নয়। এই নিয়োগ নিয়ে অসংখ্য অনিয়মের অভিযোগ উঠেছে। এই ১৫ জনের নিয়োগপত্রে তাদের কোন পরীক্ষার (ইন্টারভিউ) ভিত্তিতে নিয়োগ করা হয়েছে তার তারিখ বা পত্র নাম্বার উল্লেখ নেই। এই ১৫ জন বিভাগীয় নির্দেশ ৪৪৫ তারিখে ১৪.০২.২০১১ এবং ৪৬৬ তারিখ ১৫.২.১১ এর ভিত্তিতে কাজে যোগ দেয়। এই ১৫ জনের মধ্যে পাঁচজন অষ্টমশ্রেণি, পাঁচজন মাধ্যমিক ও তিনজন উচ্চমাধ্যমিক পাশ ও দু'জন স্নাতক। এনিয়েও প্রশ্নও উঠেছে। এই নিয়োগে কর্মীদের নাম বিভাটের অভিযোগও রয়েছে। গত ১০.২.২০১১ বিভাগীয় সচিবের নোটশীট নথিতে থাকা বকুল ফারাজি নাম পরবর্তী নিয়োগের আদেশনামায় নুর ইসলাম ফারাজি হয়ে যায়। একইভাবে বিভাগীয় সচিবের নোটশীটে থাকা মহম্মদ ফজলুল এবং সাবির মন্ডল নিয়োগের নির্দেশনামায় যথাক্রমে ফজলুল মোল্লা এবং সাবির আলি হয়ে যায়। এই পরিবর্তন ওভার রাইটিং করে করা হয়েছে বলেও অভিযোগ উঠেছে। এই ১৫ জন ছাড়া বাকি ৪ জন কাজে যোগ দিয়েছে গত ০৯.০২.২০১১। এই চারজনের মধ্যে রয়েছে আব্দুস কুদ্দুস মোল্লার ছেলে আব্দুর রহিম মোল্লা, অন্নাথ মোল্লার ছেলে তপন মোল্লা, দেবীদাস বন্দ্যোপাধ্যায়ের ছেলে স্নেহাসনু বন্দ্যোপাধ্যায় প্রমুখ। গত ১৮.০৪.২০১৩ বিভাগীয় পরীক্ষার সময় এই চারজনের

আন্তর্জাতিক মৃত্তিকাবর্ষে ইন্দাসে বিশ্বমৃত্তিকা দিবস

রামকমল রক্ষিত, ইন্দাস ঃ আর্ন্তজাতিক মৃত্তিকাবর্ষে সারা দেশের সাথে সাথে বাঁকুড়ার ইন্দাসেও দিবাকরবাটী সমবায় সমিতির সভাকক্ষে মঙ্গলবার বিশ্বমৃত্তিকা দিবস পালন করা হয়। ইন্দাস ব্লক কৃষি উন্নয়ন দপ্তরের তত্ত্বাবধানে এবং ব্লক পারিষদের উদ্যোগে অনুষ্ঠানটি দুপুর ৩টায় শুরু হয়ে সন্ধ্যা ৫টায় শেষ হয়। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,



ইন্দাস ব্লক কৃষি উন্নয়ন আধিকারিক লক্ষ্মণ হেমব্রম, বি এল ও ডঃ অশোক কুমার মন্ডল, পঞ্চায়েত সমিতির সহসভাপতি সুকুমার রায়, কৃষি কর্মাধ্যক্ষ শ্যামলী বাগদি, বন ও ভূমি কর্মাধ্যক্ষ শিশির গায়েন, শিক্ষা কর্মাধ্যক্ষ মনসা চ্যাটার্জী, বিশ্বনাথ ঘোষসহ অন্যান্য ব্যক্তিবর্গ ও শতাধিক কৃষক। এদিনের অনুষ্ঠানে সকলে মৃত্তিকা দিবসের তাৎপর্য ও গুরুত্ব সম্বন্ধে বক্তব্য রাখেন। এছাড়াও চাষের কাজে কী ধরনের মাটি লাগবে সে সব নানান তথ্য বক্তারা বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন।

কাটোয়াকে যানজটমুক্ত করার উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা, বর্ধমান ঃ কাটোয়া শহর এলাকায় যানজটমুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে পৌরসভা তরফ থেকে ও মহকুমাশাসকের দপ্তর থেকে। যানজট মুক্ত করার প্রথম শর্তই হল ফুটপাত দখল করে কোনো হকার বা ব্যবসাদার দোকান চালাতে পারবেন না। রাস্তায় জিনিসপত্র রাখা গাড়ি দাঁড়ি করিয়ে পার্কিং করা ইচ্ছেমতন অটো রিক্সার পার্কিং সমস্ত কিছুই বন্ধ করার একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সম্প্রতি কাটোয়া পৌরসভা তরফ থেকে স্থানীয় পরিবহন সংগঠন ও ব্যবসায়ীদের নিয়ে একটি বৈঠকও হয়ে গেছে। বৈঠকে আলোচনা হয়েছে যে, টোটোর বদলে ই-রিক্সা চালানোর ব্যবস্থা করতে হবে। এছাড়াও আলু, পেঁয়াজ বা জামা-কাপড় বোঝাই ট্রাকগুলি ব্যস্ত সময়ে স্টেশন বাজারে ঢুকে মালপত্র তোলা নামানোর পর চরম সমস্যার মধ্যে পড়তে হচ্ছে যাত্রীসাধারণকে, তাই বিষয়টি একটা নিয়মের মধ্যে আনার দাবি করা হয়েছে। দেখা গেছে যে, অনেক দোকানদার তার দোকানের সামনে হকারদের বসার জন্য টাকা নেন বলে অভিযোগ রয়েছে, সেগুলি বন্ধ করতে হবে। এছাড়াও ব্যবসায়ীরা তাদের মালপত্র রাস্তা দখল করে রেখে দেন বলে পথচারীদের চরম সমস্যায় পড়তে হচ্ছে। নর্দমার উপর এভাবে বসে আনাজ বিক্রি করেন অনেকে, তাই নর্দমা পরিষ্কার করতে পারছে না পৌরসভার সাফাই কর্মীরা। তাই মশাবাহিত রোগের প্রকোপ বাড়ছে। শহরবাসীর অভিযোগ যে, ন্যাশনাল মোড়, উত্তরা মোড়, সাথী চেতনা মূর্তির মতো নানান জায়গায় টিআইএন নম্বরে টোটো দেখা যায়। এমনকি আশেপাশে গ্রাম বা ভাগীরথীর উল্টে দিক থেকেও অনেকেই টোটো নিয়ে শহরে ঢুকে পড়ছেন ব্যাপক যানজট তৈরী হচ্ছে। আরও অভিযোগ, রেলস্টেশন বাজার চৌরাস্তা হাসপাতাল মোড়ে রাস্তার ওপরে রিক্সাস্ট্যান্ড থাকায় যাতায়াত করতে চরম সমস্যায় পড়ছেন পথচলতি মানুষজন। শহরের মধ্যে অবাধ ট্রাকের যাতায়াত এবং বাসের ছাদে যাত্রী তোলা আটকাতেকড়া ব্যবস্থা গ্রহণ করবে প্রশাসন এমনটাই জানানো হয়েছে বৈঠকে। পৌরসভা অনুমোদিত টোটো ছাড়া বেআইনি টোটো রুখতে অভিযান চালানো হবে শীঘ্রই। এ বিষয়ে পরিবহণ দফতরের আধিকারিকরা জানিয়েছেন যে, কাটোয়াতে শুধু নয় দাঁইহাটের টোটো চলাচলের জন্য একটি রোডম্যাপ তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যাত্রীতোলার জন্য কাটোয়া বাসস্ট্যান্ড থেকে বেরিয়েও ছোট লাইন পাড়ে বাস মিনিট ২০ দাঁড়িয়ে থাকে, এই বিষয়টি আমরা দেখব। কাটোয়া থেকে বর্ধমান পর্যন্ত ১৩টি অনুমোদিত বাসস্টপেজ থাকলেও আদতে ৩৩টি জায়গায় বাস দাঁড়ায় বলে মালিক অ্যাসোসিয়েশনের সভাপতি নারায়ণচন্দ্র সেন অভিযোগ করেছেন। বাস দাঁড়ানোর অনুমোদিত স্বীকৃতি স্টপেজ ছাড়া বাস দাঁড়াবে না এইরকম নির্দেশ জারি করেছেন মহকুমাশাসক সৌমেন পাল। মঙ্গলবার মহকুমা শাসক সৌমেন পাল জানিয়েছেন যে, যানজট কমাতে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১.৩০ মিনিট পর্যন্ত গোয়েন্দা মোড় থেকে রেলস্টেশন বাজারে চৌরাস্তা অনওয়ে করা হবে। অর্থাৎ রেলস্টেশন বাজার চৌরাস্তা থেকে গোয়েঙ্কা মোড়ের দিকে গাড়ি ঢুকলেও বেরোতে হবে মাধবীতলা দিয়ে। শীঘ্রই এই সমস্ত প্রস্তাব শহরে পাচার করে মানুষকে সতর্ক করা হবে। চৈতন্য স্মৃতিবিজড়িত কাটোয়া শহরকে আকর্ষণীয় করার জন্য যানজট মুক্ত করার উদ্যোগ নিয়েছেন কাটোয়া পৌরসভা। পৌরসভার চেয়ারম্যান ও স্থানীয় বিধায়ক রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন যে, শহরকে ঢেলে সাজানোর জন্য বিভিন্ন পরিকল্পনার পাশাপাশি রাস্তাঘাট এবং পরিশ্রুত পানীয় জল প্রকল্পেরও ব্যবস্থা করা হচ্ছে শীঘ্রই। হাইমাস লাইট দিয়েও শহরকে আলোকিত করা হবে। কাটোয়া থানার ভারপ্রাপ্ত আধিকারিক সঞ্জীব ঘোষ জানিয়েছেন যে, বড়া ব্যবস্থা গ্রহণ না করলে সড়কে যানজটমুক্ত করা যাবে না। যানজটমুক্ত শহর গড়তে স্থানীয় বাসিন্দাদের সহযোগিতা দরকার বলে তিনি মন্তব্য করেছেন।

শৃঙ্খলাভঙ্গের দায়ে পদ হারালেন শেখর

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ শৃঙ্খলাভঙ্গের দায়ে দলীয় পদ থেকে সরিয়ে দেওয়া হল প্রবীণ সিপিএম নেতা শেখর ভট্টাচার্যকে। মঙ্গলবার সিপিএম জেলা সম্পাদক অজিত পতি এখবর দিয়ে বলেন, শেখরবাবুকে দলীয় শৃঙ্খলাভঙ্গের জন্য জেলা সম্পাদকমন্ডলীর সদস্য পদ থেকে সরিয়ে দেওয়া হয়। বর্তমানে তিনি দলের ওই পদ ব্যবহার করতে পারবেন না। অজিতবাবুর বক্তব্য, শেখরবাবুকে বহুবার সতর্ক করা হয়েছে। জেলা সম্পাদক মন্ডলীতে বেশ কিছুদিন আগে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। রাজ্য কমিটির সম্মতি পেয়ে তাকে পদ থেকে সরানো হয়েছে।

প্রাথমিকছাত্র-ছাত্রীদের ক্রীড়াপ্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ জেলার প্রাথমিক,নিম্ন বুনিয়াদী, মাদ্রাসা ও শিশুশিক্ষা কেন্দ্রের পড়ুয়াদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা মঙ্গলবার বাঁকুড়া স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়, এই প্রতিযোগিতায় সাধারণ ছাত্র-ছাত্রীদের বিভাগে মোট ৭৮টি ইভেন্টে ১৬৮ জন এবং বিশেষ চাহিদাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের ২৬টি ইভেন্টে ১২৬ জন প্রতিযোগী ছিল। বাঁকুড়া জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের সভানেত্রী রিঙ্কু ব্যানার্জী এখবর দিয়ে বলেন যে, জেলায় টি মহকুমাস্তরের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারীরা এদিন জেলাস্তরে প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন। এই জেলাস্তর প্রতিযোগিতায় বিভিন্ন ইভেন্টের প্রথম স্থানাধিকারীরা রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশ নেবেন। রিঙ্কু ব্যানার্জী জানান, ছাত্র-ছাত্রী সুবিধাথে মঙ্গলবার সকাল ৯টা থেকেই খেলার প্রতিযোগিতা শুরু করে দেওয়া হয়েছিল। ছাত্র-ছাত্রী ও শিক্ষিকাদের কথা ভেবে এবার বাঁকুড়া শহরে থাকার ব্যবস্থাও করা হয়েছিল।

মন্দির প্রতিষ্ঠা উপলক্ষ্যে শীতবস্ত্র বিতরণ

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ খাতড়ায় এক মন্দির প্রতিষ্ঠা উপলক্ষ্যে স্থানীয় দুঃস্থ ও প্রতিবন্ধীদের শীতবস্ত্র বিতরণ করা হয়। সুপুর আঞ্চলিক সার্বজনীন শিবমন্দির কমিটির উদ্যোগে সোমবার দুপুরে স্থানীয় বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় একটি শিবমন্দিরের প্রতিষ্ঠা করা হয়। এই মন্দির প্রতিষ্ঠা উপলক্ষ্যে যাগযজ্ঞ, পুজাপাঠ, নরনারায়ণ সেবা এবং দুঃস্থ ও প্রতিবন্ধীদের শীতবস্ত্র বিতরণের আয়োজন করে উদ্যোক্তারা। সুপুর আঞ্চলিক সার্বজনীন শিবমন্দির কমিটির সম্পাদক সুনীল দাস বাউরি, সদস্য সুকুমার রজক, শান্তিগোপাল মই'রা বলেন, ২০১১ সালে সুপুরের শিব মন্দিরটি হয়। কিন্তু মন্দিরের সব কাজ ওই সময় শেষ করা সম্ভব হয়নি। চূড়ার কাজসহ অন্যান্য অসমাপ্ত কাজগুলি সম্প্রতি শেষ হয়। তারপরই এদিন মন্দির প্রতিষ্ঠা করা হয়। মন্দির প্রতিষ্ঠা উপলক্ষ্যে ৫১ জনকে শীতবস্ত্র দান করা হয়। এছাড়াও নরনারায়ণ সেবায় প্রায় আড়াই হাজার মানুষ এদিন পাত পেড়ে খিচুড়ি প্রসাদ গ্রহণ করেন। এই উপলক্ষ্যে এদিন প্রচুর মানুষদের সমাগম হয়েছিল মন্দির প্রাঙ্গণে।

ডাঃ অশোক কুমার নন্দী
MBBS, MD, FIAMS
Regd. No.- 54156 (WBMC)
:: রোগী দেখছেন ::
স্পন্দন হেলথ্ পয়েন্ট-এ
লিংক রোড, আরামবাগ , হুগ লি
সময়- সকাল ১০.৩০ মি. থেকে বিকাল ৪টে পর্যন্ত।
যোগাযোগ ঃ 9732228783, 9775034533

OUR SPECIALITY
সুচিকিৎসাই আসলকথা...
APEXX
আরামবাগ অ্যাপেক্স ডায়াগনস্টিক এণ্ড হেল্প কেয়ার প্রাইভেট লিমিটেড
১। ডায়াগনস্টিক বিভাগ
২। বিশেষজ্ঞ ডাক্তারবাবুর চেম্বার
৩। ঔষধ দোকান
৪। শল্য চিকিৎসা বিভাগ
৫। জরুরী চিকিৎসা বিভাগ
৬। নার্সিং হোম
পি.সি.সেন মার্কেট দ্বিতল, লিঙ্ক রোড, আরামবাগ, হুগলী, পঃবঃ ৭১২৬০১
Ph. 03211-255867/256867
Mob. 9093965838
e-mail :abgapex@gmail.com
abgapexx@rediffmail.com
আরামবাগ